Jagonews24.com

# তুরাগ নদীর বালু উত্তোলন-পরিবেশ দূষণ বন্ধের দাবিতে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ১০:২৩ পিএম, ০৭ অক্টোবর ২০২৪

Source: www.jagonews24.com




*পরিবেশ দূষণ বন্ধের দাবিতে মানববন্ধন করেন বিজিএমইএ ও উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থীরা*

তুরাগ নদী দখল, ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় ধুলাবালির প্রভাব, বেড়িবাঁধের সংকীর্ণ রাস্তা ও অপরিকল্পিত বালু উত্তোলনের ফলে হচ্ছে পরিবেশ দূষণ। এসবের প্রতিবাদে মানববন্ধন করেছেন বিজিএমইএ ও উত্তরা ইউনিভার্সিটির কয়েক হাজার শিক্ষার্থী।

সোমবার (৭ অক্টোবর) উত্তরা ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় মানববন্ধন ও ক্যাম্পাসের আশপাশ পরিষ্কার করেন শিক্ষার্থীরা। 'ব্রেদ ইজি, লাইভ বেটার: অ্যাওয়ারনেস এগেইনস্ট ডাস্ট পলিউশান' স্লোগানে এ কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, ক্যাম্পাসের পাশে অবৈধ বালু উত্তোলনের ফলে শিক্ষার্থীরা স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে। এতে পড়ালেখা বিঘ্ন হওয়ার পাশাপাশি শ্বাসকষ্টসহ নানান রোগে আক্রান্ত হচ্ছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা। তুরাগ নদীর পাড় দখল করে বছরের পর বছর এভাবে অবৈধ ব্যবসা করে যাচ্ছেন বালু উত্তোলনকারীরা। এ বিষয়ে একাধিকবার চিঠি দিলেও কাজ হয়নি।

স্থানীয় হোটেল ব্যবসায়ীরা অভিযোগ করে বলেন, এদের কারণে আমরা ঠিকমতো খাবার বিক্রি করতে পারি না। প্রচুর ধুলাবালি খাবারে এসে পড়ে। স্থানীয় লোকজনের প্রভাব দেখিয়ে তারা এ কার্যক্রম পরিচালনা করছেন। প্রশাসনও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয় না। এছাড়া বালু উত্তোলনের সময় রাস্তা একাধিক ট্রাক দাঁড়িয়ে থাকার কারণে যানজট সৃষ্টি হয় ও প্রায়ই দুর্ঘটনা ঘটে।